

(প্রেস বিজ্ঞপ্তি)

০৫ আগস্ট ২০২২ খ্রি.

শেখ কামালের জন্মবার্ষিকীতে সিটি মেয়র

স্বাধীন বাংলাদেশের ক্রীড়া ও সাংস্কৃতিক আন্দোলনে

শেখ কামালের অবদান অনস্বীকার্য

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র শেখ কামাল ছিলেন অদম্য বিন্দ্র সংস্কৃতিবান। তিনি ছাত্রলীগের একনিষ্ঠ কর্মী ও সংগঠক হিসেবে ছয়দফা, এগার দফা আন্দোলন ও ৬৯'র অগ্নিবরা গণআন্দোলনে সক্রিয় ভূমিকা পালন করেন। সেসব আন্দোলনে শেখ কামালের উপস্থিতি আজো আমাদের মাঝে উৎসাহব্যঞ্জক। শেখ কামাল পড়ালেখার পাশাপাশি ক্রীড়া, সংস্কৃতি, সংগীত চর্চা, অভিনয়, বিতর্ক ও উপস্থিত বক্তৃতা থেকে শুরু করে বাংলা ও বাঙালির সংস্কৃতিকে বিশ্ব দরবারে তুলে ধরার চেষ্টা করেছেন। অসামান্য সাংগঠনিক দক্ষতার অধিকারী শেখ কামাল মুক্তিযুদ্ধেও বীরত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন। জাতির জনকের জ্যেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী উপলক্ষে আজ শুক্রবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নগর ভবনের কনফারেন্স রুমে আয়োজিত দোয়া ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব খালেদ মাহমুদের সভাপতিত্বে এতে স্বাগত বক্তব্য রাখেন সমাজ কল্যাণ স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর আবদুস সালাম মাসুম। উপস্থিত ছিলেন-কাউন্সিলর হাজী নুরুল হক, সাহেদ ইকবাল বাবু, হাসান মুরাদ বিপ্লব, আবুল হাসনাত মোহাম্মদ বেলাল, শৈবাল দাশ সমুন, পুলক খান্দির, নুর মোস্তফা টিনু, সংরক্ষিত কাউন্সিলর তসলিমা বেগম, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাসেম, শিক্ষা কর্মকর্তা উজালা রাণী চাকমা, উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপু প্রমুখ। মিলাদ ও মুনাজাত পরিচালনা করেন সিটি কর্পোরেশনের মাদ্রাসা পরিদর্শক মাওলানা মোহাম্মদ হারুনুর রশিদ চৌধুরী।

মেয়র রেজাউল করিম চৌধুরী তাঁর বক্তব্যে আরো বলেন, জাতির পিতার সন্তান হওয়া সত্ত্বেও সরকারি কোন পদ পদবি ও ক্ষমতার প্রতি তাঁর আকর্ষণ ছিলনা। শেখ কামাল স্বপ্ন দেখেছিলেন ক্রীড়াঙ্গনে বহির্বিশ্বে বাংলাদেশকে পরিচিত করা। বাংলাদেশ ক্রিকেট দল বিশ্বের বড়-বড় দলকে পরাজিত করায় আজ বিশেষ করে মনে পড়ছে শহীদ শেখ কামালের অসাধারণ গুণাবলী। এমন গুণাবলীর কারণেই এতো বছর পরও তিনি আমাদের মাঝে চিরঞ্জীব-চিরভাস্বর হয়ে আছেন। তিনি তরুণ সমাজের প্রতি আহ্বান জানিয়ে বলেন, আমাদের তরুণ সমাজ শেখ কামালের জীবন থেকে অনেক শিক্ষা গ্রহণ করতে পারেন। এখনো আমাদের তরুণ সমাজের কাছে তাঁর জীবন ও কর্মসম্পর্কে অনেক বার্তা পৌঁছে দেওয়ার কাজ বাকী রয়েছে। এই দেশকে কিভাবে এগিয়ে নেয়া যায় নতুন প্রজন্ম সেদিকে মনোনিবেশ করে নিজেদের গড়ে তোলা উচিত বলে মনে করি।

তিনি আরো বলেন, ১৫ আগস্ট আমরা তাঁকে হারিয়েছি। তিনি যদি বেঁচে থাকতেন তাহলে জাতির পিতার স্বপ্ন বহু আগে বাস্তবায়িত হতো। মেয়র শেখ কামালসহ পরিবারের অন্যান্য সদস্যদের রুহের মাগফেরাত কামনা করেন। মিলাদ ও আলোচনা শেষে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী, কাউন্সিলরগণ ও কর্মকর্তা-কর্মচারীদের সাথে নিয়ে সিটি কর্পোরেশন চত্বরে স্থাপিত শহীদ ক্যাপ্টেন শেখ কামালের প্রতিকৃতিতে পুষ্পমালা অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন। মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩